

আমি যদি আরব হতাম

কাজী নজরুল ইসলাম

আমি যদি আরব হতাম, মদিনারই পথ।

এই পথে মোর চলে যেতেন নূর নবী হজর ॥

পয়জার তার লাগতো এসে আমার কঠিন বুকে,

ঝণা হয়ে গলে যেতাম অমনি পরম সুখে ।

সেই চিহ্ন বুকে পুরে

পালিয়ে যেতাম কোহ-ই-তুরে,

সেথা দিবানিশি করতাম তার কদম্ব জিয়ারত ॥

মা ফাতেমা খেলত এসে আমার ধূলি লয়ে,

আমি পড়তাম তারঁ পায়ে লুটিয়ে ফুলের রেণু হয়ে ।

হাসান হোসেন হেসে হেসে,

নাচত আমার বক্ষে এসে,

চোখে আমার বইত নদী পেয়ে সে নামত ॥

আমার বুকে পা কেলে রে বীর আসহাব যত

রণে যেতেন দেহে আমার আঁকি মধুর খত ।

কুল মুসলিম আসতে কাবায়,
চলতে পায়ে দলত আমায়,
আমি চাইতাম না খোদার দিদার শাফায়াত জিন্নত ।।